দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 22 MAR 1995 ...
পৃষ্ঠা 2 কলাম ... ৬ ...

# খুলনা বিশ্ববিদ্যালয় ॥ প্রতিটি আসনে ২১ জন প্রার্থী

স্টাফ রিপোর্টার, খুলনা অফিস ॥ খুলনা বিশ্ববিদ্যালয়ের ৭টি ডিসিপ্লিনের ২১০ আসনের ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ৪,৪১৫টি আবেদনপত্র জমা পড়েছে। প্রতিটি আসনের জন্য গড়ে ২১টি করে আবেদনপত্র জমা পড়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, কম্পিউটার বিজ্ঞান ও কৌশল ডিসিপ্লিনের ৩০টি আসনের জন্য ১ হাজার ২৭৫টি, ফরেস্ট্রি অ্যান্ড উড টেকনোলজি, মেরিন বায়োলজি এবং বায়োটেকনোলজি ডিসিপ্লিনের ৮০টি আসনে ১ হাজার ৩৮২টি, ব্যবসায় প্রশাসন ডিসিপ্লিনের ৪০টি আসনের জন্য ১ হাজার ২৬০টি, স্থাপত্য এবং নগর ও গ্রামীণ পরিকল্পনা ডিসিপ্লিনের ৬০টি আসনের জন্য ৫৭৮টি আবেদনপত্র জমা পড়েছে। ভর্তি পরীক্ষা আগামী ১৬ ও ১৭ এপ্রিল খুলনা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হবে।